

মিল শ্রমিকরা ভিডিও বিতরণ করে এবং অন্যদের দেখায়

ইমপ্যাক্ট
স্টাডি

৮

ধানবিষয়ক পরামর্শ

২০০৮ সালে উগান্ডায় শস্যের মূল্য বৃদ্ধি পাওয়ার কারণে সেখানে চাল 'সাদা স্বর্ণ' [হোয়াইট গোল্ড] পরিণত হয়েছিল, কাকতালীয়ভাবে তখন 'প্ল্যানটেইন' নামক একটি ব্যাকটেরিয়া দ্বারা সংক্রমিত কুঁকড়ে যাওয়া রোগ উগান্ডার ঐতিহ্যবাহী প্রধান ফসল ধ্বংস করে দিচ্ছিল। মূল্য বেশি হওয়া সত্ত্বেও উগান্ডাবাসীরা ভাতই বেশি খায়। তাই সে-সময়ে উগান্ডার কৃষকদের চাল বিষয়ে ১১টি ভিডিও দেখানো হয়, যেগুলো আগে বাংলাদেশ, বেনিন, মালি এবং বুরকিনা ফাসোতে তৈরি করা হয়েছিল। ২০১১ সালে অ্যাকসেস এগ্রিকালচার ইংরেজি, ফরাসি, সোয়াহিলি ও উগান্ডার অন্য পাঁচটি প্রধান ভাষায় তৈরি ধানবিষয়ক ভিডিওর সাত হাজার পাঁচশ কপি ডিভিডি বিতরণের কাজ সমন্বয় করে।



যে-কৃষকেরা ভিডিও দেখেছে
তারা বেশি ধান উৎপাদন করেছে

ভালো ও খারাপ মানের বিতরণ পদ্ধতি

১৭টি সংস্থা এই ভিডিওগুলোর ডিভিডি অনুরোধ করে সংগ্রহ করে। সরকার, কৃষকদের সমিতি এবং বড়ো বড়ো সংস্থাগুলো বিভিন্ন সভা ও সম্মিলনে এই ডিভিডিগুলো বিতরণ করে। তারা তাদের মাঠ পর্যায়ের কর্মীদের হাতে সেগুলো সুষ্ঠুভাবে পৌঁছে দেওয়ার তাগিদ অনুভব করেনি। তবে, যখন সম্ভাবনাময় সম্প্রসারণকর্মীরা ডিভিডিগুলো হাতে পায়, তারা সেগুলো কৃষকদের দেখায় এবং তাদের সাথে বিষয়গুলো নিয়ে আলোচনা করে।

আন্তর্জাতিক এনজিওরা এই ডিভিডিগুলো তাদের মাঠ পর্যায়ের কর্মীদের কাছে পৌঁছে দেওয়ার কাজে ভূমিকা রেখেছে, তবে বেসরকারি প্রতিষ্ঠানগুলোও স্বতঃস্ফূর্ত ভূমিকা রাখে। মিলের শ্রমিকেরা এই ভিডিওগুলো সে-সব কৃষকদের দেখিয়েছে, যারা তাদের মিলে ধান নিয়ে আসত। কেননা, যে-কৃষকেরা এই ভিডিওগুলো দেখেছে তারাই মিলে বেশি পরিমাণে ধান সরবরাহ করে। এই মিল শ্রমিকেরা এই ডিভিডিগুলোর প্রথম ব্যাচ শেষ করে আরও ডিভিডি'র জন্য অনুরোধ জানায়। রাসায়নিক দ্রব্য ও বীজ বিক্রেতারা ভিডিওগুলো যে-কৃষকেরা তাদের কাছে ধানের বীজ কিনতে আসতো তারা তাদের ডিভিডি'র কপিগুলো দেখতে দেয়।

কৃষকেরা যা চিন্তা করে

কৃষকেরা ভিডিওগুলো খুবই পছন্দ করে। যে-কৃষকেরা সম্ভব ছিল তারা সাধারণত অন্য কৃষকদের এই ভিডিওগুলো দেখানোর কোনো-না-কোনো উপায় খুঁজে বের করে। একজন উদ্যোগি ব্যক্তি তার বাড়ির সামনের বাগানে প্রতিবিকালে একটি টিভি রাখার ব্যবস্থা করে এবং তার প্রতিবেশীদের সেখানে ভিডিও দেখতে উৎসাহিত করে।

কৃষকেরা নানারকম নতুন নতুন ধারণা আয়ত্ত করে নেয়। যেমন, ধানের চারা রোপণ, জমি সমান করা এবং সার দেওয়ার অন্যান্য কাজ। কিছু কৃষক দাবি করে যে, এই কৌশলগুলো আয়ত্ত করার ফলে উৎপাদন খরচ সামান্য বাড়ানোর বিনিময়ে তাদের জমিতে প্রায় দ্বিগুণ ফলন হয়। এই ভিডিওগুলো কৃষকদের নতুন ও প্রয়োজনীয় তথ্য পেতে সহযোগিতা করে। যে-প্রতিষ্ঠানগুলো ভিডিও বিতরণ করে তাদের ভিডিও নির্বাচনে সতর্ক থাকা উচিত এবং তুলনামূলকভাবে বড়ো কোনো প্রতিষ্ঠানের ডিভিডি বিতরণের পরিকল্পনা করার জন্য বিশেষজ্ঞের সহযোগিতা প্রয়োজন।

এই কেস স্টাডি আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা USAID এবং MEAS কনসোর্টিয়াম-এর সহযোগিতায় পরিচালিত হয়েছে।

যোগাযোগ: পল ভ্যান মেলে | paul@agroinsight.com

নিবন্ধটি উদ্ধৃত করতে :

Bentley, Jeffery, Van Mele, Paul, & Grace Musimami 2013 The Mud on Their Legs – Farmer to Farmer Videos in Uganda. MEAS Case Study # 3. Michigan State University



AGRO
insight
communicating agriculture

সারসংক্ষেপ ও
ছবি: জেফ বেটলে